গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১১৫২

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ।

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

22-02-22
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

প্রাপক
জনাব............................................................
............................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উকৃঅ/নাগ/কুড়ি/২০২২/

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।

তারিখ ঃ ২৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ, সময় ঃ সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সভাপতি | [signature] 27-02-22 | |
| ২ | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য | [signature] | |
| ৩ | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | সদস্য | [signature] | |
| ৪ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | [signature] 27-02-22 | |
| ৫ | উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | [signature] | |
| ৬ | উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৭ | মোঃ শাহরিয়ার হোসেন, উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য সচিব | [signature] 27-02-22 | |

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথসময়ে সভায় উপস্থাপন করা হবে।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, বর্তমানে বোরো মৌসুম চলছে। রবি মৌসুমে সরকারি বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে প্রদান করা হয়েছে। রাসায়নিক সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। সার ও ডিজেল পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (বিএমডিএ) জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ২০২১-২২ অর্থবছরে ০২টি খাল (ক) চিংটিমারী খাল হয়ে রুইয়া বিল হয়ে অন্তাই বিল হয়ে শশ্মানঘাট পর্যন্ত ৪.২ কিঃমিঃ খালের মধ্যে ১.২ কিঃমিঃ খাল, (খ) নাগেশ্বরী বাজার ব্রীজ হয়ে বোয়ালেরডারা পর্যন্ত খালের ১.৮ কিঃমিঃ এর মধ্যে ০.৯০ কিঃমিঃ খাল পূনঃ খনন কাজ চলছে। ২০২০-২১ অর্থবছরে পূনঃ খননকৃত খাল বোয়ালেরডারা হতে বেরুবাড়ী স্লুইস গেট পর্যন্ত ২২৫০০টি বনজ, ফলজ ও ঔষধি চারা রোপন করা হয়েছে। চলতি অর্থবছরে লুছনী ও বামনডাঙ্গা মৌজার দুধ কুমার নদীর তীরে ০২টি সোলার চালিত এলএলপি সেচ স্থাপন করা হয়েছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি জানান যে, চলতি মৌসুমে সুষ্ঠুভাবে সেচ কার্য পরিচালনার জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করেন। বেরুবাড়ী ইউনিয়নে যেসকল বনজ গাছ রোপন করা হয়েছে তা রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ প্রদান করে বক্তব্য সমাপ্ত করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ রুকনুজ্জামান)
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।